দৈনিক কালবেলা আঁধার পেরিয়ে...



কালবেলা ডেস্ক

প্রকাশ : ১৪ মে ২০২৫, ০৮:৫২ পিএম
অনলাইন সংস্করণ

# দেশের সব আদালতে চালু হচ্ছে নতুন সেবা



ছবি : সংগৃহীত

সুষ্ঠু বিচার সেবা নিশ্চিত ও অনিয়ম দূর করতে দেশের সব আদালতে হেল্পলাইন সেবা চালু করা হচ্ছে। দেশের ৬৪টি জেলা ও ৮টি মহানগরীতে সুপ্রিম কোর্টের আদলে এই সেবা চালু হচ্ছে।

বুধবার (১৪ মে) সুপ্রিম কোর্টের জনসংযোগ কর্মকর্তা শফিকুল ইসলামের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নাগরিকের বিচার পাওয়ার অধিকার ও বিচার সংক্রান্ত অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিতে দেশের ৬৪টি জেলা ও ৮টি মহানগরীতে সুপ্রিম কোর্টের আদলে হেল্পলাইন চালু করার উদ্যোগ নিয়েছেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ।

সব নিম্ন আদালত, ট্রাইব্যুনালে নাগরিকের বিচারিক সেবা পাওয়ার বাধা ও অনিয়ম দূর করতে তিনি এমন পদক্ষেপ নিয়েছেন বলে জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে। বলা হয়েছে, বিভিন্ন ট্রাইব্যুনাল ও বিভাগীয় বিশেষ জজ আদালকে ধাপে ধাপে হেল্পলাইনের আওতায় নিয়ে আসা হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, জেলা পর্যায়ে হেল্পলাইন সেবা ফলপ্রসূ করতে প্রতিটি জেলায় তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হবে। হেল্পলাইনের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করবেন একজন বিচার বিভাগীয় কর্মকর্তা। হেল্পলাইনের মাধ্যমে দেওয়া সেবার প্রতিবেদন মাসের ৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজের মাধ্যমে সুপ্রিম কোর্টে পাঠাবেন তিনি।

উল্লেখ্য, গত ২৬ সেপ্টেম্বর সুপ্রিমকোর্টে হেল্প লাইন সেবা চালু করা হয়। শুরুতে একটি হেল্পলাইন নম্বর (০১৩১৬১৫৪২১৬) চালু করা হয়েছিল। কিন্তু বিচারপ্রার্থীদের ব্যাপক সাড়া পাওয়ার পর আরেকটি হেল্পলাইন নম্বর (০১৭৯৫৩৭৩৬৮০) প্রতিষ্ঠা করা হয়েছে। এসব নম্বরে সরাসরি ফোনকল অথবা হোয়াটসঅ্যাপের (Whatsapp) মাধ্যমেও যোগাযোগ করা যাবে।

সরকারি ছুটির দিন ছাড়া প্রতি রবি থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এই সেবা পাওয়া যাবে। এ ছাড়া helpline@supremecourt.gov.bd ইমেইল ঠিকানা ও সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে (https://www.Supremecourt.gov.bd) ঢুকে অভিযোগ (Online Complain Register) কিংবা পরামর্শ দেওয়া যাবে।



RITS ADS
Your Digital Media Partner

**সম্পাদক ও প্রকাশক : সন্তোষ শর্মা । বিভাগীয় প্রধান (অনলাইন): পলাশ মাহমুদ**

কালবেলা মিডিয়া লিমিটেডের পক্ষে প্রকাশক কর্তৃক নিউমার্কেট সিটি কমপ্লেক্স, ৪৪/১, রহিম স্কয়ার, নিউমার্কেট, ঢাকা থেকে প্রকাশিত এবং ২৮/বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা, শরীয়তপুর প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত।

ফোন : +৮৮ ০২ ৫৫১৬১৬৬২, +৮৮ ০২ ৫৫১৬১৬৬৩ ।

ফ্যাক্স : +৮৮ ০২ ৫৫১৬১৬৬৪ । ই-মেইল: news@kalbela.com.

বিজ্ঞাপন বিভাগ: ফোন: +৮৮০-২-৫৫১৬১৬৭৭, ০১৭৩০ ০৯৩৩২৮ । ই-মেইল: ads@kalbela.com.

সার্কুলেশন : ফোন: ০১৭৩০ ০৯৩৩৪৭ । বিশ্বাস বিল্ডার্স লিমিটেডের একটি প্রকাশনা।
|